গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.১৯৫

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সড়ক পথে মোট ৩২০০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চালের চলাচলসূচি**

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর ২০/০২/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৪২২.৫০.০১৩.২১.৩৮২ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **ময়মনসিংহ, নেত্রকোনা ও জামালপুর জেলাধীন কতিপয় এলএসডিতে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সদ্য সংগৃহীত আমন/২০২১-২২ সিদ্ধ চাল অন্যত্র স্থানান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য** সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ময়মনসিংহ বিভাগের কতিপয় এলএসডিতে আমন'২১-২২ চাল সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সংগৃহীত ৩২০০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চাল ঢাকা বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডির বর্তমান মজুত, সাশ্রয়ী রুট বিবেচনায় চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, অত্র দপ্তরের দু'টি নির্দেশনায় ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে ১০৪৫০ মে. টন আমন'২১-২২ সিদ্ধ চাল সরানোর বিষয়ে কী ব্যব্যস্থা নেওয়া হয়েছে তা অত্র দপ্তরকে জানানো হয়নি। তৎপ্রেক্ষিতে কী পরিমাণ সূচি জারি করা হয়েছে এবং জারিকৃত সুচির কী পরিমাণ পরিবাহিত হয়েছে এবং কী পরিমাণ অপরিবাহিত রয়েছে তা প্রেরণের জন্য একাধিক নির্দেশনা দেয়া সত্ত্বেও তার দপ্তর থেকে কোন মনিচরিং পাওয়া যায়নি। চাহিত মনিটরিং প্রেরণ না করার যৌক্তিক কারণের ব্যাখ্যা জানা প্রয়োজন। যথাসময়ে চাহিত তথ্য প্রেরণ না করার ব্যাখ্যাসহ মনিটরিং প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ময়মনসিংহ | ময়মনসিংহ এলএসডি | ঢাকা | তেজগাঁও সিএসডি | ২০০ | আমন'২১-২২ সিদ্ধ চাল | সড়ক পথ | আখানি, ময়মনসিংহ উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | মুক্তাগাছা এলএসডি | ঐ | ঐ | ৪০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সিএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | গৌরীপুর এলএসডি | ঐ | ঐ | ৪০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | নরসিংদী | মনোহরদী এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | ভালুকা এলএসডি | গাজীপুর | কালিগঞ্জ এলএসডি | ১০০ | ঐ | ঐ | |

